অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
ডায়েরী নং- ১০৮৯
তারিখ: ০১/১১/১৫
উপসচিব (সংস্থাপন ও ...)
উপসচিব (প্রঃ সংস্কার ও ...)
উপসচিব (ই-গভর্ন্যান্স)
ব্যক্তিগত কর্মকর্তা
স্বাক্ষর

সচিব (সমন্বয় ও সংস্কার) এর দপ্তর
মন্ত্রিপরিষদ বিভাগ
অতিরিক্ত সচিব (সংস্কার)
অতিরিক্ত সচিব (সমন্বয়)
একান্ত সচিব
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নং
তারিখ ২৮/১০/১৫
স্বাক্ষর

সচিব (সমন্বয় ও সংস্কার)
অতিরিক্ত সচিব
অতিরিক্ত সচিব (জেমাপ্র)
অতিরিক্ত সচিব (কমিটি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি)
যুগ্মসচিব (মসরি)
একান্ত সচিব
ডাইরী নং : ৫৫৫
তারিখ :
মন্ত্রিপরিষদ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(আইসিটি শাখা)
বরিশাল
www.barisal.gov.bd

স্মারক নং- ০৫.১০.০৬০০.১২৭.০০.০৩৩.১৫-২০৫

তারিখ: ০৬ কার্তিক, ১৪২২ / ২১ অক্টোবর, ২০১৫

বিষয় : **উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ এপ্রিল ২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ নং প্রজ্ঞাপন

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, বরিশাল জেলা ইনোভেশন টিম গঠন এবং জেলা প্রশাসন, বরিশালের উদ্ভাবন কর্মপরিকল্পনা (১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর ২০১৬) প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়িত হলে জনকল্যাণ ও উন্নয়নমুখী তথ্য-প্রযুক্তিনির্ভর সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলক ভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া সম্ভব হবে। এতে স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে ও স্বল্প যাতায়াতে সেবা সম্প্রসারিত হবে মর্মে সুদৃঢ়ভাবে আশা করা যায়।

০২। বর্ণিত অবস্থায়, প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা মহোদয়ের সদয় অবগতি ও অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

উপসচিব ই-গভর্নেন্স অধিশাখা
ডাইরি নম্বর: ১০৭৭
তারিখ: ২/১১/১৫
সিসস (ই-গভর্নেন্স)
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার
মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
স্বাক্ষর

সংযুক্তি: ১. উদ্ভাবন কর্মপরিকল্পনা ৬ (ছয়) পাতা।
২. গঠিত ইনোভেশন টিম ১(এক) পাতা।

স্বাক্ষরিত/-
( ড. গাজী মোঃ সাইফুজ্জামান )
জেলা প্রশাসক
বরিশাল
ফোনঃ ০৪৩১-৬৩৮৬৬
ফ্যাক্সঃ ০৪৩১-৬৪৩৬৭
ই-মেইলঃ dcbarisal@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

স্মারক নং- ০৫.১০.০৬০০.১২৭.০০.০৩৩.১৫-২০৫

তারিখ: ০৬ কার্তিক, ১৪২২ / ২১ অক্টোবর, ২০১৫

সদয় অবগতির জন্য অনুলিপি (ই-মেইলে সফটকপি ও পত্রের সঙ্গে হার্ডকপি কর্মপরিকল্পনা) প্রেরণ করা হলো:-

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৫। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। মহাপরিচালক, গভর্নমেন্ট ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৭। অফিস নথি

২১.১০.১৫
জেলা প্রশাসক
বরিশাল

৩৪৭২
২৮/১০/১৫

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# জেলা প্রশাসন বরিশালের
# উদ্ভাবন কর্মপরিকল্পনা

জেলা ইনোভেশন টিম

## জেলা প্রশাসন
## বরিশাল

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# জেলা প্রশাসন বরিশালের উদ্ভাবন কর্মপরিকল্পনা

১. ভূমিকা

আধুনিক জনমুখী নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে সরকার কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ প্রণয়ন অত্যন্ত যুগোপযোগী একটি পদক্ষেপ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন নিশ্চিত করণে সরকারের এ উদ্যোগকে আমরা স্বাগত জানাই। সরকারের এ কর্মপরিকল্পনার সাথে জেলা প্রশাসন বরিশালও অত্যন্ত আন্তরিকতার সাথে একাত্মতা ঘোষণা করছে। নাগরিক সেবা সহজীকরণ এবং জনকল্যাণ ও উন্নয়নমুখী জনসেবা প্রদানে বরিশাল জেলা প্রশাসনের উদ্ভাবন কর্মপরিকল্পনা নিম্নরূপ:

২.১ রূপকল্প **(Vision)**

জনকল্যাণ ও উন্নয়নমুখী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিনির্ভর ডিজিটাল বরিশাল

২.২. অভিলক্ষ **(Mission)**

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে ২০২০ সালের মধ্যে বরিশাল জেলা প্রশাসনের জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলক ভাবে জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়া।

৩. উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ

- স্বল্প সময়ে সেবা প্রদান
- সেবা গ্রহণে ব্যয় লাঘব
- সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ
- উদ্ভাবন ধারণার বিকাশ ও যাচাই
- সেবায় নাগরিকের ভোগান্তি লাঘব
- সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীর মধ্যে সরাসরি সংযোগ
- সেবাগ্রহীতা ও সেবাপ্রদানকরীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন
- সহজ সেবা প্রক্রিয়া
- জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌছানো
- জনকল্যাণ ও উন্নয়মুখী জেলা প্রশাসন ব্যবস্থাপনা বাস্তবায়ন

## ৩.১ প্রস্তাবিত উদ্ভাবন কর্মপরিকল্পনা

| ক্র: নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড) |
|---|---|---|---|---|---|
| ৩.১.১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | নাগরিক সেবা প্রদান সহজ হবে | গৃহীত পরিকল্পনা |
| ৩.১.২ | কর্মকর্তা ও কর্মচারীদেরকে তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩০ জুন ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | কাজের ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি ও গতিশীলতা আসবে | প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা |
| ৩.১.৩ | ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩০ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | ইনোভেশন কার্যক্রম মূল্যায়ন ও কাজের অগ্রগতি পর্যালোচনা | অনুষ্ঠিত সভার সংখ্যা |
| ৩.১.৪ | ভূমি উন্নয়ন কর মেলার আয়োজন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩০ মে ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | ভূমি উন্নয়ন কর আদায় সহজীকরণ এর উদ্দেশ্যে মেলাতে ভূমি বিষয়ে বই প্রকাশ করা হবে, ফলে ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধি পাবে | আয়োজিত মেলা |
| ৩.১.৫ | বরিশাল-সমস্যা ও সম্ভাবনা/ Barisal-Problem and Prospect ফেসবুক গ্রুপ পেইজ চালুকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | জনগণের সাথে জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের সমন্বয় সাধন এবং বিভিন্ন নাগরিক সমস্যার দ্রুত সমাধান প্রদান। সমস্যা সমাধানের মাধ্যমে সেবা বৃদ্ধি পাবে | সমাধানকৃত সমস্যার সংখ্যা |
| ৩.১.৬ | ডিজিটাল বরিশাল/ Digital Barisal নামক ফেইস বুক গ্রুপ-পেইজে বরিশাল এর বিভিন্ন গুরুত্বপূর্ণ দৃশ্যের ফটোগ্রাফি প্রতিযোগিতার আয়োজন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | গণফটোগ্রাফির মাধ্যমে স্বল্প সময়ে বরিশালের অনেক ছবি সংগৃহীত হবে, ইন্টারনেটে প্রচার করে পর্যটনের ক্ষেত্র সম্প্রসারিত হবে এবং শিল্প-সম্মত সংস্কৃতি বিনির্মিত হবে। | প্রাপ্ত ডিজিটাল ছবির সংখ্যা |
| ৩.১.৭ | এক্সেল শিটের মাধ্যমে ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | পূর্বের তুলনায় স্বল্প সময় ও সঠিকভাবে ভূমি উন্নয়ন কর নির্ধারণ সম্ভব হবে | এক্সেল শিটে দাবী নির্ধারণকৃত ইউনিয়ন/ সমমান ভূমি অফিসের সংখ্যা |

| ক্র: নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ৩.১.৮ | সেবাগ্রহীতাদের নিকট হতে ফেইসবুক পেইজে / Web Portal এ উদ্ভাবন আইডিয়া আহবান | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | উদ্ভাবন পরিকল্পনায় জনগণের অংশগ্রহণ নিশ্চিত হওয়ার মাধ্যমে সেবা গ্রহীতার প্রত্যাশা পূরণ সহজ হবে | উদ্ভাবন আইডিয়া আহবান |
| ৩.১.৯ | জেলা প্রশাসনের সাথে সম্পৃক্ত বিভিন্ন গ্রুপ তৈরী করে প্রয়োজনীয় Group SMS প্রেরণের ব্যবস্থাকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে ও বিনা যাতায়াতে কার্যকর যোগাযোগ নিশ্চিত হবে | প্রেরিত SMS এর সংখ্যা |
| ৩.১.১০ | বরিশাল জেলা প্রশাসন: নোটিশ/ Barisal District Administration: Notice ফেইস বুক গ্রুপ-পেইজ তৈরীকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩০ জুন ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | স্বল্পসময়ে, স্বল্প ব্যয়ে নোটিশ প্রদান নিশ্চিত হবে | প্রদত্ত নোটিশ সংখ্যা |
| ৩.১.১১ | বরিশাল জেলা প্রশাসন: সংবাদ/ Barisal District Administration: News ফেইস বুক গ্রুপ-পেইজ তৈরীকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | এই গ্রুপের মাধ্যমে জনগণ ও জেলা প্রশাসন গুরুত্বপূর্ণ সংবাদ প্রদান করতে সক্ষম হবেন | পোস্টকৃত সংবাদ সংখ্যা |
| ৩.১.১২ | জেলা প্রশাসনের ওয়েব সাইটের মাধ্যমে জেলা ম্যাজিস্ট্রেসির মামলার তথ্য অবহিতকরণ | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান মামলার হালনাগাদ তথ্য জানতে পাবেন | তথ্য প্রদানকৃত মামলার সংখ্যা |
| ৩.১.১৩ | ভিডিও কনফারেন্স | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | সরাসরি যোগাযোগ ও কার্যক্রম সম্পর্কে দ্রুত অবহিতকরণ সম্ভব হবে | ভিডিও কনফারেন্সিং- এর সংখ্যা |
| ৩.১.১৪ | সিসিটিভি স্থাপন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ জানুয়ারি ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | অফিসের নিরাপত্তা সুসংহত হবে এবং সেবার মান উন্নত হবে | সক্রিয় সিসিটিভি |
| ৩.১.১৫ | ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন | ১ জানুয়ারি ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০১৬ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | কার্যক্রম অবহিতকরণ সম্পন্ন হবে | প্রকাশিত প্রতিবেদন |

**৪. কর্মমূল্যায়ন 'ছক'**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | কর্মকৃতি সূচক | মূল্যায়ন |
|---|---|---|---|
| ৪.১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | না= ০ ; হ্যাঁ= ১০ |
| ৪.২ | কর্মকর্তা ও কর্মচারীদেরকে তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা | ১ জনের জন্য ১ নম্বর সর্বোচ্চ- ১০ |
| ৪.৩ | ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান | ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভা | প্রতিটি সভার জন্য ১ নম্বর সর্বোচ্চ- ১০ |
| ৪.৪ | ভূমি উন্নয়ন কর মেলার আয়োজন | আয়োজিত ভূমি উন্নয়ন কর মেলা | না= ০ ; হ্যাঁ= ০৫ |
| ৪.৫ | বরিশাল-সমস্যা ও সম্ভাবনা/ Barisal-Problem and Prospect ফেসবুক গ্রুপ পেইজ চালুকরণ | বিভিন্ন নাগরিক সমস্যার সমাধান | প্রতিটি সমস্যা সমাধানের জন্য ১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৪.৬ | ডিজিটাল বরিশাল/ Digital Barisal নামক ফেইস বুক গ্রুপ-পেইজে বরিশাল এর বিভিন্ন গুরুত্বপূর্ণ দৃশ্যের ফটোগ্রাফি প্রতিযোগিতার আয়োজন | ফটোগ্রাফি প্রতিযোগিতার প্রাপ্ত ছবি. | প্রতিটি ছবির জন্য ০.১০ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৪.৭ | এক্সেল শিটের মাধ্যমে ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণ | এক্সেল সিটের মাধ্যমে ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণ সম্পন্ন হওয়া ভূমি অফিসের সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৪.৮ | সেবাগ্রহীতাদের নিকট হতে ফেইসবুক পেইজে / Web Portal এ উদ্ভাবন আইডিয়া আহবান | উদ্ভাবন আইডিয়ার আহবান | না= ০ ; হ্যাঁ= ০৫ |
| ৪.৯ | জেলা প্রশাসনের সাথে সম্পৃক্ত বিভিন্ন গ্রুপ তৈরী করে প্রয়োজনীয় Group SMS প্রেরণের ব্যবস্থাকরণ | প্রেরিত SMS এর সংখ্যা | প্রতিটি SMS এর জন্য ০.১০ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৪.১০ | বরিশাল জেলা প্রশাসন: নোটিশ/ Barisal District Administration: Notice ফেইস বুক গ্রুপ-পেইজ তৈরীকরণ | প্রদত্ত নোটিশ সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৪.১১ | বরিশাল জেলা প্রশাসন: সংবাদ/ Barisal District Administration: News ফেইস বুক গ্রুপ-পেইজ তৈরীকরণ | পোস্টকৃত সংবাদ সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৪.১২ | জেলা প্রশাসনের ওয়েব সাইটের মাধ্যমে জেলা ম্যাজিস্ট্রেসির মামলার তথ্য অবহিতকরণ | তথ্য প্রদানকৃত মামলার সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ- ১০ |

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | কর্মকৃতি সূচক | মূল্যায়ন |
|---|---|---|---|
| ৪.১৩ | ভিডিও কনফারেন্স | ভিডিও কনফারেন্স এর সংখ্যা | প্রতিটির জন্য ০১ নম্বর সর্বোচ্চ- ০৫ |
| ৪.১৪ | সিসিটিভি স্থাপন | সিসিটিভি সচল রাখা | না= ০ ; হ্যাঁ= ০৫ |
| ৪.১৫ | ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন | বাৎসরিক প্রতিবেদন স্বীয় ওয়েবসাইটে প্রকাশিত | না= ০ ; হ্যাঁ= ১০ |
| | | ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের বাৎসারিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | |

## ৫. সামগ্রিক মূল্যায়ন

বর্ণিত কর্মমূল্যায়নের বিষয়সমূহে মোট ১০০ নম্বর বরাদ্দ করা হয়েছে। এর মধ্য থেকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বরিশাল ইনোভেশন টিমে কর্মতৎপরতা ও সাফল্যের চূড়ান্ত মূল্যায়ন করা হবে। সামগ্রিক মূল্যায়নের মানদন্ড হবে নিম্নরূপঃ

| প্রাপ্ত নম্বর | মূল্যায়নের শ্রেণি |
|---|---|
| ৯০-১০০ | অসাধারণ |
| ৮০-৯০ | অতি উত্তম |
| ৭০-৮০ | উত্তম |
| ৬০-৭০ | মোটামুটি মানের |
| ৬০ এর নিম্নে | দুর্বল |

বাংলাদেশ জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার টেকসই সংস্কৃতির সূচনা করার ক্ষেত্রে বরিশাল ইনোভেশন টিম ইতিবাচক ভূমিকা রাখতে সচেষ্ট। এ লক্ষ্যে ইনোভেশন টিমের বছরব্যাপী সক্রিয় কার্যক্রম গ্রহণ করা হবে। ইনোভেশন টিমকে সক্রিয় করতে এবং সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন ও প্রয়োজনীয় কার্যক্রম সম্প্রসারণ করতে এই কর্মপরিকল্পনা অনুমোদন ও বাস্তবায়ন প্রয়োজন। এ ছাড়া, ইনোভেশন টিমের কার্যক্রমের মূল্যায়ন ও প্রয়োজনীয় স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

প্রণীত এই উদ্ভাবন কর্মপরিকল্পনা সদয় অনুমোদিত হলে কর্মপরিকল্পনাটি বরিশাল জেলা প্রশাসন ও বরিশাল জেলার ইনোভেশন টিমের গাইড লাইন হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বাস্তবতা ও সময়ের পরিবর্তনে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে এই কর্মপরিকল্পনা অধিকতর কার্যকর হতে পারে।

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে বরিশাল ইনোভেশন টিম ও বরিশাল জেলা প্রশাসন সুদৃঢ়ভাবে আশাবাদী ও প্রতিশ্রুতিবদ্ধ।

২১.১০.১৮

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
জেলা প্রশাসক
বরিশাল